Public Relations Office
University of Dhaka
Dhaka-1000, Bangladesh
Phone: 55167719
E-mail: publicrelations@du.ac.bd


জনসংযোগ অফিস
ঢাকা বিশ্ববিদ্যালয়
ঢাকা- ১০০০, বাংলাদেশ
ফোন : ৫৫১৬৭৭১৯

১৭ বৈশাখ ১৪৩৩

# DU in Media

30 April 2026

## The Country Today



# Alliance Francaise Director meets with DU VC

**DU Correspondent**

Mr. Francois Chambro, Director of Alliance Française in Dhaka, met with the Vice Chancellor of Dhaka University, Professor Dr. ABM Obaidul Islam, at his office on Wednesday.

During the meeting, they exchanged views on various issues including the education system of Bangladesh and the education and research activities of Dhaka University. During this time, the expansion of French language activities at the Institute of Modern Languages of Dhaka University was also discussed.

They discussed organizing a cultural program next November, jointly

**Continued to page 2**

# Alliance Francaise Director

organized by Dhaka University and Alliance Française, to mark the death anniversary of renowned French novelist and philosopher André Malraux.

It is worth noting that Andre Malraux was a strong supporter of the Bangladesh Liberation War in 1971. At that time, he formed public opinion in favor of Bangladesh's independence in the international arena and expressed his desire to directly participate in the liberation war.

## The New Age



The University of Dhaka holds an orientation for new students of first year undergraduate programme at the auditorium of Teachers-Students Centre of the university on Wednesday. — Press release

# DU holds orientation for new students

**Staff Correspondent**

# DU holds orientation for new students

**Staff Correspondent**

THE University of Dhaka held an orientation for new students of first year undergraduate programme at the auditorium of Teachers-Students Centre of the university on Wednesday.

The office of the Students Counselling and Guidance organised the programme, said a press release.

Presided over by the director of the office Professor Mehzabeen Haque, DU pro-vice-chancellor, academic, Professor Abdus Salam was present as chief guest at the programme.

Dean of the faculty of science Professor Md Mofazzal Hossain, dean of the faculty of biology Professor Mohammad Nazmul Ahsan, dean of the faculty of earth and environmental sciences Professor Md Humayun Kabir and dean of the faculty of engineering and technology Professor Upma Kabir spoke as special guests at the orientation.

Conducted by Shuchi Chaki, lecturer of the department of applied mathematics, chairpersons and student advisers of various departments were present at the programme.

Public Relations Office
University of Dhaka
Dhaka-1000, Bangladesh
Phone: 55167719
E-mail: publicrelations@du.ac.bd

জনসংযোগ অফিস
ঢাকা বিশ্ববিদ্যালয়
ঢাকা- ১০০০, বাংলাদেশ
ফোন : ৫৫১৬৭৭১৯



**নয়া দিগন্ত**

# ঢাবি ১ম বর্ষ আন্ডারগ্র্যাজুয়েট প্রোগ্রামের শিক্ষার্থীদের পরিচিতি সভা



ঢাকা বিশ্ববিদ্যালয়ের ১ম বর্ষ 'আন্ডারগ্র্যাজুয়েট প্রোগ্রামের' শিক্ষার্থীদের পরিচিতি সভা গতকাল বুধবার ছাত্র-শিক্ষক কেন্দ্র মিলনায়তনে অনুষ্ঠিত হয়েছে। ছাত্র-নির্দেশনা ও পরামর্শদান দফতর এই পরিচিতি সভার আয়োজন করে।

ছাত্র-নির্দেশনা ও পরামর্শদান দফতরের পরিচালক অধ্যাপক ড. মেহ্জাবীন হকের সভাপতিত্বে ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রোভিসি (শিক্ষা) অধ্যাপক ড. আবদুস সালাম প্রধান অতিথি, বিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক ড. মো: মোফাজ্জল হোসেন, জীববিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক ড. মোহাম্মদ নাজমুল আহসান, আর্থ অ্যান্ড এনভায়রনমেন্টাল সায়েন্সেস অনুষদের ডিন অধ্যাপক ড. মো: হুমায়ুন কবীর এবং ইঞ্জিনিয়ারিং অ্যান্ড টেকনোলজি অনুষদের ডিন অধ্যাপক ড. উপমা কবির বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন। ফলিত গণিত বিভাগের শিক্ষার্থী আদিল রহমান, প্রাণরসায়ন ও অণুপ্রাণ বিজ্ঞান বিভাগের শিক্ষার্থী মাহির তাজওয়ার, নিউক্লিয়ার ইঞ্জিনিয়ারিং বিভাগের শিক্ষার্থী খান মাহমুদ সানি এবং সমুদ্র বিজ্ঞান বিভাগের শিক্ষার্থী তাকওয়া নূর অথই নবীনদের পক্ষে অনুভূতি প্রকাশ করেন। ফলিত গণিত বিভাগের প্রভাষক শুচি চাকী অনুষ্ঠান সঞ্চালন করেন।

প্রোভিসি (শিক্ষা) অধ্যাপক ড. আবদুস সালাম নবাগত শিক্ষার্থী ও তাদের অভিভাবকদের অভিনন্দন জানিয়ে বলেন, কঠোর প্রতিযোগিতামূলক পরীক্ষার মাধ্যমে বিশ্ববিদ্যালয়ে ভর্তির সুযোগ প্রাপ্তি শিক্ষার্থীদের বড় ধরনের অর্জন। এই অর্জন অত্যন্ত গর্বের। পড়াশোনার পাশাপাশি তিনি শিক্ষার্থীদের খেলাধুলা ও বিভিন্ন ক্লাবের সাথে যুক্ত থাকার পরামর্শ দেন। তিনি আরো বলেন, অ্যাকাডেমিক ফলাফলের পাশাপাশি শিক্ষার্থীদের ভালো মানুষ হওয়ার দিকেও গুরুত্ব দিতে হবে। ঢাকা বিশ্ববিদ্যালয়ের ঐতিহ্য ধরে রাখতে তিনি শিক্ষার্থীদের দায়িত্বশীল ভূমিকা পালনের আহ্বান জানান এবং তাদের উজ্জ্বল ভবিষ্যৎ কামনা করেন।

বিজ্ঞান অনুষদ, জীববিজ্ঞান অনুষদ, আর্থ অ্যান্ড এনভায়রনমেন্টাল সায়েন্সেস অনুষদ এবং ইঞ্জিনিয়ারিং অ্যান্ড টেকনোলজি অনুষদের শিক্ষার্থীরা পরিচিতি সভায় অংশগ্রহণ করেন। বিজ্ঞপ্তি।

## নয়া দিগন্ত

# গ্রামীণ বিশ্ববিদ্যালয়ের পরামর্শক হলেন নিয়াজ আহমদ

● নয়া দিগন্ত ডেস্ক

ঢাকা বিশ্ববিদ্যালয়ের ঢাবি সাবেক ভিসি অধ্যাপক নিয়াজ আহমদ খানকে পরামর্শক



(সিনিয়র স্ট্র্যাটেজিক অ্যাডভাইজার) হিসেবে নিয়োগ দিয়েছে গ্রামীণ বিশ্ববিদ্যালয়। গত মঙ্গলবার এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানিয়েছে গ্রামীণ ইউনিভার্সিটি ট্রাস্ট। নিয়াজ আহমদ খান ২০২৪ সালের ২৭ আগস্ট ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভিসি হিসেবে দায়িত্ব নিয়েছিলেন। প্রায় ১৮ মাস দায়িত্ব পালনের পর গত ১০ ফেব্রুয়ারি তিনি পদত্যাগ করেন।

বিজ্ঞপ্তিতে গ্রামীণ বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ জানিয়েছে, ড. মুহাম্মদ ইউনূসের 'তিন শূন্য' (শূন্য দারিদ্র্য, শূন্য বেকারত্ব ও শূন্য নেট কার্বন নিঃসরণ) দর্শনের ওপর ভিত্তি করে বিশ্ববিদ্যালয়টির শিক্ষা কার্যক্রম সাজানো হয়েছে। এরই মধ্যে পাঁচটি স্কুলের অধীনে ১৪টি অগ্রাধিকারমূলক প্রোগ্রাম নির্ধারণ করা হয়েছে। বর্তমানে বিশ্ববিদ্যালয়টিতে উপাচার্য, উপ-উপাচার্য ও কোষাধ্যক্ষসহ বিভিন্ন গুরুত্বপূর্ণ পদে নিয়োগপ্রক্রিয়া চলছে। উল্লেখ্য, অন্তর্বর্তী সরকারের আমলে ২০২৫ সালের মার্চ মাসে শিক্ষা মন্ত্রণালয় এবং এপ্রিলে বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন (ইউজিসি) থেকে গ্রামীণ বিশ্ববিদ্যালয় ১৩ পৃ: ৪-এর কলামে

## গ্রামীণ বিশ্ববিদ্যালয়ের পরামর্শক হলেন ঢাবির সাবেক

৩য় পৃষ্ঠার পর

আনুষ্ঠানিক অনুমোদন পায়।

ফেসবুক পোস্টে তিনি যা বললেন

এদিকে সামাজিক যোগাযোগমাধ্যম ফেসবুকে দেয়া এক পোস্টে নিয়াজ আহমদ খান এ বিষয়ে তার বক্তব্য তুলে ধরেছেন।

তিনি এতে লিখেছেন, আমার শুভানুধ্যায়ী, বন্ধু এবং ছাত্রছাত্রীরা অনেকেই জানতে চেয়েছেন আমার বর্তমান দিনগুলো কেমন চলছে। আমাকে স্মরণে রাখা এবং কুশল জানতে চাওয়ায় তাঁদের প্রতি সবসময়ের মতোই আমি কৃতজ্ঞ।

তিনি লেখেন, ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য পদের প্রশাসনিক দায়িত্ব স্বেচ্ছায় ছেড়ে আসার পরে আমি আগেও যেমন বলেছি, মূলত শিক্ষকতা, গবেষণা এবং প্রতিষ্ঠান তৈরিতে এখন সময় দিচ্ছি। ঢাকা বিশ্ববিদ্যালয়ে আমার বিভাগে অর্থাৎ ডিপার্টমেন্ট অব ডেভলপমেন্ট স্টাডিজে স্নাতক ও স্নাতকোত্তর পর্যায়ে কিছু ক্লাস নিচ্ছি এবং গবেষণা প্রকল্পের মেন্টরিং করছি। এর পাশাপাশি গ্রামীণ বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের অনুরোধে সম্প্রতি ঢাকা বিশ্ববিদ্যালয়ের অনুমতি নিয়ে আমি খণ্ডকালীন পরামর্শক তথা 'সিনিয়র স্ট্র্যাটিজিক অ্যাডভাইজার' হিসেবে এই নতুন প্রতিষ্ঠানটির বিকাশে কিছু ভূমিকা রাখার চেষ্টা করছি। বাংলাদেশী বাস্তবতায় একটি মানসম্মত বিশ্ববিদ্যালয় গড়ে তোলার চ্যালেঞ্জিং কাজটি নিয়ে কিছু দেশবরেণ্য উদ্যোমী মানুষ সাহস করে মাঠে নেমেছেন। আমি আমার ক্ষুদ্র জ্ঞান এবং সামর্থ্যে চেষ্টা করছি তাঁদের এই উদ্যোগে কিছু অবদান রাখতে।

সবশেষে তিনি লেখেন, দেশেই আছি; প্রিয় শিক্ষার্থী ও সহকর্মীদের সাথে তুলনামূলকভাবে বেশি সময় কাটানোর সুযোগ হচ্ছে। ইন্ডিপেন্ডেন্ট ইউনিভার্সিটি, বাংলাদেশ-আইইউবি ও ঢাকা বিশ্ববিদ্যালয় মিলিয়ে পাঁচ বছরের অধিককাল প্রশাসনিক দায়িত্ব পালনকালে ব্যক্তিগত গবেষণা ও লেখালেখির যে ঘাটতি হয়েছে, তারও কিছুটা পূরণের চেষ্টা করছি। পুরনো বন্ধু ও পরিবারকে দীর্ঘদিন পরে কিছু সময় দেয়ার সুযোগ পাচ্ছি। সামাজিক-সাংস্কৃতিক ও ধর্মীয় কয়েকটি প্রতিষ্ঠানের উন্নয়ন ও ব্যবস্থাপনায় স্বেচ্ছাসেবী ভিত্তিতে কাজ করছি। এই-তো....

শিক্ষার্থী ও শুভানুধ্যায়ীদের মাধ্যমে আমার মতো ক্ষুদ্র মানুষকে আল্লাহ অনেক সম্মান দিয়েছেন। এক জীবনে এই ঋণ শোধ হওয়ার নয়। প্রায়ই আমার রজনীকান্ত সেনের এ' গীতিটি মনে পড়ে :

'আমি অকৃতী অধম বলেও তো, কিছু কম ক'রে মোরে দাওনি;

যা' দিয়েছ তারি অযোগ্য ভাবিয়া, কেড়েও তো কিছু নাওনি!'

আপনাদের সবার জন্য আবারো শুভ কামনা।

## The New Nation

# Former DU VC joins Grameen University as adviser

Staff Reporter



Former VC of the University of Dhaka Professor Niaz Ahmed Khan has joined Grameen University as Senior Strategic Adviser. He assumed the responsibility after obtaining permission from the University of Dhaka. The information was disclosed in a press release issued by the Grameen University Trust on Tuesday.

Niaz Ahmed Khan took charge as the Vice-Chancellor of the University of Dhaka on 27 August 2024 following the post-uprising situation after the student-public movement. After serving for around 18 months, he resigned on 10 February 2026.

The press release said Grameen University's academic framework is being developed based on Nobel Laureate Professor Muhammad Yunus's "Three Zero" vision—zero poverty, zero unemployment and zero net carbon emissions. The university has already identified 14 priority programmes under five schools, while recruitment for key positions including Vice-Chancellor, Pro-Vice-Chancellor and Treasurer is currently underway.